কানাইঘাট রাজাগঞ্জে মসজিদের টি.আর প্রকল্পের টাকা আত্মসাতের অভিযোগ

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট রাজাগঞ্জ ইউনিয়নের বীরদল পশ্চিম আনছারপুর জামে মসজিদের জন্য ২০২০-২১ অর্থ বছরের টি.আর প্রকল্পের আওতায় বরাদ্দকৃত টাকা জাল জালিয়াতির মাধ্যমে আত্মসাথের ঘটনায় উপজেলা নিবাহী কর্মমর্তার বরাবরে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

গত ১৩ সেপ্টেম্বর মসজিদ পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক আব্দুল মালিক বাদী হয়ে এ দরখাস্ত দাখিল করেন।

লিখিত অভিযোগে তিনি উল্লেখ করেছেন সরকারি ভাবে বরাদ্দকৃত মসজিদের উন্নয়নের জন্য টি.আর প্রকল্পের আওতায় ৪৫ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়। উক্ত টাকা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি খলিলুর রহমান অসুস্থ থাকার কারণে তার নাম ভাঙ্গিয়ে জালিয়াতির মাধ্যমে বীরদল আনছারপুর গ্রামের মৃত জোয়াদ আলীর পুত্র সাবেক ইউপি সদস্য খলিলুর রহমান নিজে মসজিদ পরিচালনা কমিটির সভাপতি সাজিয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে ভূয়া কমিটি দাখিল করে মাস খানিক পূর্বে মসজিদের বরাদ্দকৃত টাকা তুলে আত্মসাৎ করেন।

বিষয়টি মসজিদ পরিচালনা কমিটির নেতৃবৃন্দ জানতে পেরে সাবেক ইউপি সদস্য খলিলুর রহমানকে মসজিদের জন্য বরাদ্দকৃত সরকারি টাকা ফেরৎ দেওয়ার জন্য অনুরোধ করলে উল্টো তিনি মসজিদ পরিচালনা কমিটির সদস্যদের নানাভাবে হুমকি দেন বলে দরখাস্তকারী আব্দুল মালিক জানিয়েছেন।

মসজিদের টাকা আত্মসাতের ঘটনায় খলিলুর রহমানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনসহ টাকা ফেরৎ চেয়ে নিবাহী কর্মকর্তা বরাবরে এ অভিযোগ দায়ের করা হয়।

এ ব্যাপারে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলামের সাথে যোগাযোগ করা হলে তিনি অভিযোগ পেয়েছেন স্বীকার করে বলেন, বিষয়টি সমাধানের জন্য রাজাগঞ্জ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফখরুল ইসলামকে দায়িত্ব দিয়েছেন। তিনি ২/১ দিনের মধ্যে সমাধান করতে ব্যার্থ হলে দরখাস্তকারীর অভিযোগ প্রসাশনিক ভাবে তদন্ত করে